



বাউবি/পরীক্ষা/এসএসসি/০১/৯৬/৭২

তারিখ : ০৮/০১/২০১৮

জেলা প্রশাসক
রাজশাহী।

বিষয় : ট্রেজারীতে রক্ষিত অতিরিক্ত প্রশ্নভর্তি ট্রাংক থেকে প্রশ্নপত্র হস্তান্তর প্রসঙ্গে।


জনাব,


আপনি অবগত আছেন যে, বাউবি'র এসএসসি পরীক্ষা- ২০১৮ আগামী ১২/০১/২০১৮ তারিখ থেকে দেশব্যাপী সকল পরীক্ষা কেন্দ্রে একযোগে শুরু হবে। রাজশাহী আঞ্চলিক কেন্দ্রাধীন নিম্নলিখিত পরীক্ষা কেন্দ্রের চাহিদা অনুযায়ী আপনার নিয়ন্ত্রণাধীন ট্রেজারীতে রক্ষিত অতিরিক্ত প্রশ্নভর্তি ট্রাংক থেকে নিম্নের বর্ণনা মোতাবেক প্রশ্নপত্র হস্তান্তর করা প্রয়োজন। বাউবি'র কর্মকর্তা জনাব মোঃ মজিবুল হক, সহকারী আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্র পাবনা এর নিকট আগামী ১১/০১/২০১৮ তারিখের মধ্যে গালাসীলকৃত অবস্থায় ট্রাংকে নিম্নলিখিত প্রশ্নপত্র হস্তান্তরের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ক্রম.	পরীক্ষা কেন্দ্রের নাম	বর্ষ	বিষয়ের নাম ও কোড	প্রশ্নপত্রের সংখ্যা		পরীক্ষা অনুষ্ঠানের তারিখ
১.	সাঁথিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, পাবনা	২য়	ইতিহাস (SSC-2603)	রচনামূলক ২৫ টি (২৫x১)	নৈর্ব্যক্তিক ২৫ টি (২৫x১)	২৬/০১/২০১৮

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ। এ বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদসহ।


পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়



অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১. সিস্টেম ম্যানেজার (পরিচালক), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
২. আঞ্চলিক পরিচালক, রাজশাহী। ট্রেজারী অফিসার, রাজশাহী এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।
৩. ট্রেজারী অফিসার, রাজশাহী উপরের বর্ণনা অনুযায়ী প্রশ্নপত্রের গালাসীলকৃত ২টি প্যাকেট হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাঁথিয়া, পাবনা, উপরের বর্ণনা অনুযায়ী প্রশ্নপত্রের গালাসীলকৃত ২টি প্যাকেট গ্রহণপূর্বক পরীক্ষার দিন হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।
৫. সহকারী আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্র, পাবনা। ট্রেজারী অফিসার, রাজশাহী এর সাথে যোগাযোগ করে আগামী ১১/০১/২০১৮ তারিখের মধ্যে ট্রেজারীতে রক্ষিত অতিরিক্ত প্রশ্নভর্তি ট্রাংক থেকে চাহিদা অনুযায়ী প্রশ্নপত্রের গালাসীলকৃত ২ টি প্যাকেট গ্রহণ করে সাঁথিয়া উপজেলার থানা লকারে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।
৬. সমন্বয়কারী/ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাঁথিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, পাবনা (সহকারী আঞ্চলিক পরিচালক, উপ-আঞ্চলিক কেন্দ্র পাবনা ও স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রশ্নপত্র গালাসীলকৃত ট্রাংকে নিরাপদ হেফাজতে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
৭. সংরক্ষণ নথি।